

আগামী বছর ১০৬টি বই নতুন কারিকুলামে

রচনা এবং ব্যাকরণ বইও বিনামূল্যে দেয়া হবে

■ নিজামুল হক

আগামী শিক্ষাবর্ষে নতুন কারিকুলামে বই পাচ্ছে শিক্ষার্থীরা। ১৯৯৬ সালের পর ১০৬টি বই নতুন কারিকুলামে তৈরি করা হয়েছে। এছাড়া এবার বই থেকে নবম শ্রেণির শিক্ষার্থীরা বিনামূল্যে বাংলা ও ইংরেজি ব্যাকরণ এবং রচনা বই পাবে। চলতি সপ্তাহে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) পরিদর্শনে গিয়ে নতুন বইয়ের কাজের অগ্রগতি সম্পর্কে খোঁজ-ববর নেন। বই ছাপানো, পরিবহন, রক্ষণাবেক্ষণসহ সার্বিক কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন তিনি। এনসিটিবির চেয়ারম্যান ও কর্নকর্তারা ২০১৩ সালের পাঠ্যবই ১ জানুয়ারিতেই ছাত্র-ছাত্রীদের হাতে পৌঁছানোর নিশ্চয়তা দেন।

এনসিটিবি জানিয়েছে, গতকাল বুধবার পর্যন্ত নতুন কারিকুলামের ৪৫ ভাগ বই উপজেলা পর্যায়ের পৌঁছে গেছে। ৩০ অক্টোবরের মধ্যে ৯০ ভাগ এবং ৩০ নভেম্বরের মধ্যে শতভাগ বই দেশের সব উপজেলায় পৌঁছানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গত বছরের তুলনায় এবার শিক্ষার্থী প্রায় ৫৭ লাখ বেশি। এছাড়া ৬ষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজি গ্রামার এবং রচনা পুঁঠা ২ কলাম ৭

আগামী বছর ১০৬টি বই

২৪ পৃষ্ঠার পর

বইও বিনামূল্যে বিতরণ করা হবে। এ হিসাবে আরো ৪ কোটি বই বেশি ছাপতে হচ্ছে।

চলতি শিক্ষাবর্ষের জন্য ৩ কোটি ১২ লাখ ১৩ হাজার ৭৫৯ জন শিক্ষার্থীর জন্য ২২ কোটি ১০ লাখ ৬৮ হাজার ৩০৯টি বই ছাপা হয়েছিল। আগামী শিক্ষাবর্ষে বিনামূল্যে সর্বমোট ৩ কোটি ৬৮ লাখ ৮৬ হাজার ১৭২ জন শিক্ষার্থীর জন্য সরবরাহ করা হবে ২৬ কোটি ১০ লাখ ৮৩ হাজার ৫৪৫টি বই। এনসিটিবি চেয়ারম্যান মোস্তফা কামাল উদ্দিন বলেন, নতুন শিক্ষাবর্ষের জন্য প্রাথমিক স্তরের বাংলা ও ইংরেজি জার্নালের এক-তৃতীয়াংশ রচনা বইয়ের মুদ্রণের কাজ করতে ভারতের ভিন্নটি প্রকাশনা সংস্থা।

এনসিটিবি সূত্র জানায়, প্রাথমিক স্তরের বাংলা ও ইংরেজি জার্নালের ৮৫ লাখ ৫৫ হাজার ৯২৮ জন শিক্ষার্থীর জন্য ১১ কোটি ৫২ লাখ ৫৯ হাজার ৪০৩টি, মাদ্রাসার ইংরেজি স্তরের ২৭ লাখ ৭৯ হাজার ১ জন শিক্ষার্থীর জন্য এক কোটি ৭২ লাখ ১ হাজার ৪০টি, দাখিল ও দাখিল জোকেশনালের ২২ লাখ ১২ হাজার ৪৫২ জন শিক্ষার্থীর জন্য এক কোটি ৯৪ লাখ ৫৫ হাজার ৭১৪টি এবং এন-এসসি কারিগরি স্তরের এক লাখ ৬৯ হাজার ৪৪০ জন শিক্ষার্থীর জন্য ২০ লাখ ৯ হাজার ১২১টি বই বিনামূল্যে সরবরাহের জন্য ছাপা হচ্ছে।

মাধ্যমিকের বই ছাপতে খরচ কমেছে ২৩ ভাগ: আগামী শিক্ষাবর্ষের জন্য মাধ্যমিক স্তরের বিনামূল্যের পাঠ্যবই ছাপার খরচ ধরা হয়েছিলো ৯৩ কোটি ৯৭ লাখ সাড়ে ৬৬ হাজার টাকা। এখন মন্ত্রণালয় অনুযায়ী খরচ পড়বে ৭২ কোটি ২৪ লাখ সাড়ে ২০ হাজার কোটি টাকা। প্রাকল্পিত দরের চেয়ে ২৩ দশমিক ১৩ ভাগ অর্থাৎ ২১ কোটি ৭৩ লাখ ৪৩ হাজার টাকা খরচ কম হচ্ছে। এনসিটিবি সূত্র জানায়, প্রতিবছর অলাদাতাবে কাগজ কেনা হয়। বাঁধাই, মুদ্রণ ও পরিবহনের কাজও অলাদাতাবে করা হয়। এবার এসব কাজ একত্রে করা হচ্ছে। অলাদাতাবে কাগজ না কেনায় খরচ কমেছে। এবছরের বাজেটে বিনামূল্যে পাঠ্যবই ছাপা ও বিতরণের জন্য ৩৫০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে।